# ভোলায় নির্বাচনী প্রচারণায় বিএনপি–জামায়াত সংঘর্ষে আহত ১০



ভোলা বিএনপি-জামায়াত সংঘর্ষ। ছবি: সংগৃহীত

ভোলায় নির্বাচনী প্রচারণাকে কেন্দ্র করে বিএনপি ও জামায়াতের কর্মী-সমর্থকদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে উভয় পক্ষের অন্তত ১০ জন আহত হয়েছেন।
শনিবার (৩১ জানুয়ারি) সকালে বোরহানউদ্দিন উপজেলার টবগী ইউনিয়নের মুলাইপত্তন গ্রামে এ ঘটনা ঘটে।

স্থানীয় সূত্রে জানা যায়, সকালে ভোলা-২ আসনে জামায়াত প্রার্থী ফজলুল করিমের পক্ষে বিভিন্ন এলাকায় প্রচারণা চালাচ্ছিলেন দলটির নেতাকর্মীরা। এ সময় চৌকিদার বাড়ি এলাকায় গেলে টবগী ইউনিয়ন শ্রমিক দলের সাংগঠনিক সম্পাদক ইউসুফ ও তার ভাইয়ের সঙ্গে একই ইউনিয়নের জামায়াত আমীর আব্দুল হালিমের বাকবিতণ্ডা শুরু হয়।

বিতর্কের একপর্যায়ে দুই পক্ষের মধ্যে হাতাহাতি ও ধাওয়া-পাল্টাধাওয়ার ঘটনা ঘটে। এতে উভয় পক্ষের অন্তত ১০ জন আহত হন। স্থানীয়রা আহতদের উদ্ধার করে চিকিৎসার ব্যবস্থা করেন।

LENS ASIA